

## দিনাজপুর বোর্ডে পাসের হার ৭০ দশমিক ৪৩

দিনাজপুর প্রতিনিধি •  
দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে  
অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট  
(এইচএসসি) পরীক্ষায় পাসের হার  
৭০ দশমিক ৪৩ শতাংশ। এ পরীক্ষায়  
৮৮ হাজার ৯৮৮ পরীক্ষার্থীর মধ্যে  
৬২ হাজার ৬৭১ জন কৃতকার্য  
হয়েছে।

এ শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ২  
হাজার ৩৯৫ জন। এর মধ্যে জিপিএ-  
৫ প্রাপ্ত ছাত্রী ৮৮৭ ও ছাত্র ১ হাজার  
৫০৮ জন।

এবার এ বোর্ডের অধীনে রংপুর  
বিভাগের ৮টি জেলার ৫৮৪টি  
কলেজের পরীক্ষার্থীরা ১৮২টি কেন্দ্রে  
পরীক্ষায় অংশ নেয়।

দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা  
নিয়ন্ত্রক তোফাজ্জুর রহমান জানান,  
প্রাপ্ত ফলে ছেলের তুলনায় মেয়েরা  
এগিয়ে রয়েছে। ছাত্রীদের পাসের হার  
৭২ দশমিক ৬৪ পক্ষান্তরে ছাত্রের  
পাসের হার ৬৮ দশমিক ৪৩।